

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
রাজস্ব (এসএ) শাখা



www.brahmanbaria.gov.bd

নম্বর ০৫.৪২.১২০০.০১২.২৮.০০১.২৩.৪২৯

তারিখ: ৬ চৈত্র ১৪২৯

২০ মার্চ ২০২৩

১৪৩০ বঙ্গাব্দ মেয়াদে বালুমহাল ইজারা বিজ্ঞপ্তি (১ম ও ২য় পর্যায়)

১৪৩০ বঙ্গাব্দ মেয়াদে বালুমহাল ইজারা বিজ্ঞপ্তি (১ম ও ২য় পর্যায়)

ব্রাহ্মণবাড়িয়া জেলার নিম্নবর্ণিত ০৩ টি বালুমহাল ১৪৩০ বঙ্গাব্দের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্ত তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে সীলগালাযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম; অত্র কার্যালয় (এস. এ. শাখা) ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ১,০০০/- (এক হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ফরম সংগ্রহ করতে হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম; অত্র কার্যালয় (এস. এ. শাখা) ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করতে হবে। একই দিন বেলা ২.০০ টায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে দরপত্র বাস্ক খোলা হবে। ভুল/অসম্পূর্ণ/অসত্য তথ্য সম্বলিত দরখাস্ত বিবেচনাযোগ্য হবে না। জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সর্বোচ্চ দরদাতাকে বালুমহাল ইজারা প্রদান করা হবে। ইজারা মূল্যের সাথে সরকারি বিধি মোতাবেক ভ্যাট, আয়কর এবং সরকার আরোপিত অন্যান্য কর (যদি থাকে) প্রদান করতে হবে। দরপত্রের শর্তাবলী ও বালুমহালের অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি জেলাপ্রশাসকের কার্যালয়ের এস, এ শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

দরপত্র বিক্রয় ও গ্রহণের সময়

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	০৫.০৪.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়।	০৬.০৪.২০২৩ তারিখ সকাল ০৯ ঘটিকা হতে বেলা ১.০০ টা পর্যন্ত।	০৬.০৪.২০২৩ তারিখ বেলা ২.০০ ঘটিকায়।
২য় পর্যায়	১২.০৪.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়।	১৩.০৪.২০২৩ তারিখ সকাল ০৯ ঘটিকা হতে বেলা ১.০০ টা পর্যন্ত।	১৩.০৪.২০২৩ তারিখ বেলা ২.০০ ঘটিকায়।

০২। উপরোক্ত সময়সূচি অনুযায়ী ১ম পর্যায়ে উপর্যুক্ত দরদাতা পাওয়া না গেলে বা অন্য কোন কারণে ইজারা বন্দোবস্ত প্রদান করা সম্ভব না হলে পর্যায়ক্রমে ২য় পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। এ ক্ষেত্রে পুনঃ ইজারা বিজ্ঞপ্তি প্রচার করা হবে না।

০৩। ইজারার অন্যান্য শর্তাদি দরপত্র ফরমের সাথে প্রদান করা হবে। তাছাড়া জেলা প্রশাসকের কার্যালয়ের এস, এ শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে জানা যাবে।

ব্রাহ্মণবাড়িয়া জেলার ১৪৩০ বাংলা সনে ইজারায়োগ্য বালুমহালের তালিকা নিম্নরূপ

ক্র:নং	বালুমহালের নাম	মৌজার নাম ও আয়তন	১৪৩০ বাংলা সনে সরকারি ইজারা মূল্য
০১	মোগড়া পূর্ব বালুমহাল, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া	রাজধরগঞ্জ, ধর্মনগর, মোগড়া, নীলাখাত, নোয়াপাড়া, বচিয়ারা, খলাপাড়া, ছয়ঘরিয়া, জয়নগর, আয়তন- ৪০ একর	৭,০৯,৩৩৫/-
০২	চরলালপুর বালুমহাল আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া	চরলালপুর, আয়তন- ২৫ একর	২,২৮,১৪,০০০/-
০৩	কেদেরখোলা বালুমহাল নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া	কেদেরখোলা পশ্চিম, আয়তন- ২০ একর	১,৭৭,৮৮,৮৩৪/-

০৪। উল্লিখিত ইজারায়োগ্য বালুমহালের মধ্যে বিজ্ঞ আদালতে কোন নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে তা বিজ্ঞপ্তি প্রকাশের ০৫ (পাঁচ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষ সর্বশেষ অবস্থা/আরজির অনুলিপি ও অন্যান্য কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় কোন নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা নেই মর্মে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।



২২-৩-২০২৩

মোঃ শাহগীর আলম

জেলাপ্রশাসক

ফোন: ০২-৩৩৪৪২৭৭১২

ইমেইল:

dcbrahmanbaria@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৫) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর।

৬) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।

৭) অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ/হবিগঞ্জ/কুমিল্লা/নরসিংদী

৮) উপজেলা নির্বাহী অফিসার,(সকল), ব্রাহ্মণবাড়িয়া।

৯) সহকারী কমিশনার(ভূমি).....(সকল), ব্রাহ্মণবাড়িয়া।

১০) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)

১১) জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।

১২) উপ-পরিচালক, জেলা পরিবেশ অফিস, ব্রাহ্মণবাড়িয়া।

১৩) সম্পাদক, দৈনিক....., ঢাকা/ব্রাহ্মণবাড়িয়া। তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) সংখ্যায় প্রকাশ করে ৫(পাঁচ) কপি পত্রিকা অত্র কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১৪) জনাব.....,

১৫) নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।